

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ



# গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ১৩, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজাপন

ঢাকা, ২৯ আষাঢ় ১৪২১/১৩ জুলাই ২০১৪

নথর: ০৮.০০.০০০০.৪২১.৮৪.০৪৩.১৩.২৪৭—স্বাস্থ্য মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব সি কিউ কে মুসতাক আহমদ গত ৩০ জানুয়ারি ১৯৮১ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩৩ বছর ৬ মাস সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০৮ জুলাই ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন। কর্মজীবনে তিনি সততা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। স্বাস্থ্য মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সেতু বিভাগ ও কৃষি মন্ত্রণালয়ের সচিবের দায়িত্ব পালন করেন। সরকারের নীতি ও কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি সর্বোচ্চ নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। বিশেষ করে পদ্মা সেতু নির্মাণের প্রতিমূলক কর্ম সম্পাদন এবং কৃষকদেরকে সরকারি সহায়তা প্রদানের লক্ষ্য farmers' card প্রবর্তনে তিনি অসাধারণ কর্মদক্ষতার পরিচয় দিয়েছেন। স্বাস্থ্য সচিব হিসাবেও তিনি সফলতার স্বাক্ষর রেখেছেন। সক্ষিপ্ত সময়েও তিনি অবিচল থেকে দায়িত্ব পালন করেছেন।

২। অর্থ বিভাগের সিনিয়র সচিব জনাব ফজলে কবির গত ০৩ জুলাই ২০১৪ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেছেন। তিনি অক্টোবর ১৯৮০ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক) ক্যাডারে এবং পরবর্তীতে ২৭ অক্টোবর ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। অর্থ বিভাগের সচিবের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি রেলপথ মন্ত্রণালয়ের সচিবের দায়িত্ব পালন করেন। অত্যন্ত অমায়িক ও সদালাপী এই কর্মকর্তা সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে আস্তরিকতা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

৩। সুদীর্ঘ কর্মজীবনে সততা, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে অর্পিত দায়িত্ব পালন করে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য এই সিনিয়র সচিবদ্বয়কে ধন্যবাদ জানিয়ে, তাদের সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করে এবং সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তাঁরা দেশের সেবায় নিয়োজিত থাকবেন মর্মে আশা প্রকাশ করে মন্ত্রিসভার ২৩ আষাঢ় ১৪২১/০৭ জুলাই ২০১৪ তারিখের বৈঠকে একটি প্রস্তাব গ্রহণ করা হয়েছে।

৪। জনাব সি কিউ কে মুসতাক আহমদ এবং জনাব ফজলে কবিরকে ধন্যবাদ জ্ঞাপন করে মন্ত্রিসভার ২৩ আষাঢ় ১৪২১/০৭ জুলাই ২০১৪ তারিখের বৈঠকে গৃহীত প্রস্তাব সকলের অবগতির জন্য প্রকাশ করা যাচ্ছে।

বাস্তুপতির আদেশক্রমে

মোহাম্মদ মোশাররফ হোসাইন ভূইঝঁ  
মন্ত্রিপরিষদ সচিব

(১৬২৯৭)  
মূল্য : টাকা ৮.০০

## মন্ত্রিসভার ধন্যবাদ প্রস্তাব

ঢাকা : ০৭ জুলাই ২০১৪  
২৩ আষাঢ় ১৪২১

স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব জনাব সি কিউ কে মুসতাক আহমদ গত ৩০ জানুয়ারি ১৯৮১ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদানপূর্বক দীর্ঘ প্রায় ৩০ বছর ৬ মাস সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে ০৮ জুলাই ২০১৪ তারিখে সিভিল সার্ভিস হতে অবসর গ্রহণ করেছেন। কর্মজীবনে তিনি সততা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি মুক্তিযুদ্ধ বিশয়ক মন্ত্রণালয়, সেতু বিভাগ ও কৃষি মন্ত্রণালয়ের সচিবের দায়িত্ব পালন করেন। সরকারের নীতি ও কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নে তিনি সর্বোচ্চ নিষ্ঠার স্বাক্ষর রেখেছেন। বিশেষ করে পদ্মা সেতু নির্মাণের প্রস্তুতিমূলক কর্ম সম্পাদন এবং কৃষকদেরকে সরকারি সহায়তা প্রদানের লক্ষ্য farmers' card প্রবর্তনে তিনি অসাধারণ কর্মকর্তার পরিচয় দিয়েছেন। স্বরাষ্ট্র সচিব হিসাবেও তিনি সফলতার স্বাক্ষর রেখেছেন। সক্ষটময় সময়েও তিনি অবিচল থেকে দায়িত্ব পালন করেছেন।

অর্থ বিভাগের সিনিয়র সচিব জনাব ফজলে কবির গত ০৩ জুলাই ২০১৪ তারিখে সরকারি চাকরি হতে অবসর গ্রহণ করেছেন। তিনি অক্টোবর ১৯৮০ সালে বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে পরিবহণ ও বাণিজ্যিক) ক্যাডারে এবং পরবর্তীতে ২৭ অক্টোবর ১৯৮৩ তারিখে বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন) ক্যাডারে যোগদান করেন। অর্থ বিভাগের সচিবের দায়িত্ব গ্রহণের পূর্বে তিনি রেলপথ মন্ত্রণালয়ের সচিবের দায়িত্ব পালন করেন। অত্যন্ত অমায়িক ও সদালাপী এই কর্মকর্তা সরকারের বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে অধিষ্ঠিত থেকে আন্তরিকতা, নিষ্ঠা ও দক্ষতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন।

সুদীর্ঘ কর্মজীবনে সততা, দক্ষতা ও বিচক্ষণতার সঙ্গে অর্পিত দায়িত্ব পালন করে দেশ ও জাতির কল্যাণে গুরুত্বপূর্ণ অবদান রাখার জন্য মন্ত্রিসভা এই সিনিয়র সচিবদ্বয়কে ধন্যবাদ জানাচ্ছে এবং তাঁদের সর্বাঙ্গীণ কল্যাণ ও দীর্ঘায়ু কামনা করছে। মন্ত্রিসভা আশা প্রকাশ করছে যে, সরকারি চাকরি থেকে অবসর গ্রহণের পরও তাঁরা দেশের সেবায় নিয়োজিত থাকবেন।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মন্ত্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,  
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: [www.bgpress.gov.bd](http://www.bgpress.gov.bd)